

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৫১৯

আগরতলা, ৪ অক্টোবর, ২০ ১৮

পেট্রোল-ডিজেলের মূল্য হ্রাসে দেশের
মানুষ উপকৃত হবেন : মুখ্যমন্ত্রী

পেট্রোল, ডিজেল-এর মূল্য হ্রাস করার বিষয়ে ভারতবর্ষের কেন্দ্রীয় অর্থমন্ত্রী অরুণ জেটলি যে ঐতিহাসিক পদক্ষেপ নিয়েছেন তাতে দেশের ১২৫ কোটি মানুষ উপকৃত হবেন। আজ সচিবালয়ে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব তাঁর কক্ষে সাংবাদিকদের সাথে কথা বলার সময় একথাগুলি বলেন। তিনি বলেন, প্রতি লিটার পেট্রোল এবং ডিজেল-এর মূল্য কেন্দ্রীয় সরকার লিটার পিছু ২.৫০ টাকা করে কম করেছে। এর সঙ্গে ত্রিপুরা সরকারও পেট্রোল এবং ডিজলে ২.৫০ টাকা করে মূল্য হ্রাস করার সিদ্ধান্ত নিয়েছে। এর ফলে আমাদের রাজ্যে প্রতি লিটার পেট্রোল এবং ডিজেল-এর মূল্য পাঁচ টাকা করে কমবে। আজ মধ্যরাত্রি থেকে এই মূল্য কার্যকরী হবে। আজকের দিনে প্রতি লিটার পেট্রলের মূল্য ৮২.৩৬ টাকা এবং প্রতি লিটার ডিজেলের মূল্য ৭৫.৬০ টাকা। মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং কেন্দ্রীয় অর্থমন্ত্রী অরুণ জেটলিকে ধন্যবাদ জানান দুর্গোৎসবের প্রাকমুহূর্তে পেট্রোল, ডিজেলের মূল্য কম করার ঐতিহাসিক সিদ্ধান্ত নেওয়ার জন্য। দুর্গা পূজায় রাজ্যের জাতি-জনজাতি সকলেই মিলে মিশে আনন্দে মাতোয়ারা হন। এ সময়ে কেন্দ্রীয় সরকার পেট্রোল, ডিজেলের মূল্য কম করার ফলে রাজ্যের ৩৭ লক্ষ ত্রিপুরাবাসী আর্থিকভাবে উপকৃত হয়ে আনন্দের মধ্য দিয়ে দুর্গোৎসব উপভোগ করতে পারবেন।

মুখ্যমন্ত্রী সন্তোষ প্রকাশ করে বলেন, ২০১৪ সাল থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে দেশে জনমুখী সরকার রয়েছে। আগামীদিনেও জনগণের কল্যাণে কেন্দ্রীয় সরকার জনমুখী কাজ করে যাবে বলে তিনি আশা প্রকাশ করেন। ত্রিপুরা সরকারও সেই দিশাতে কাজ করবে। মুখ্যমন্ত্রী সাংবাদিকদের জানান দুর্গা পূজার আগে রাজ্য সরকার জনগণের কল্যাণে আরও কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেবে। এদিন আবারও সাংবাদিকদের মাধ্যমে মুখ্যমন্ত্রী রাজ্যবাসীর উপর দুর্গা পূজার চাঁদার জন্য যেন বোঝা চাপানো না হয় সেই বিষয়ে ক্লাব, সংস্থা এবং পূজা আয়োজকদের প্রতি আহ্বান জানান। মুখ্যমন্ত্রী জানান, রাজ্য সরকার পেট্রোল, ডিজেলের মূল্য ২ টাকা ৫০ পয়সা কম করার সিদ্ধান্ত নেওয়ায় রাজ্য সরকারের কোষাগারে বছরে ৫০ কোটি টাকা রাজস্ব কম আসবে।

এদিন সাংবাদিকদের সাথে কথা বলার সময় খাদ্যমন্ত্রী মনোজ কান্তি দেবও উপস্থিত ছিলেন।
